

“মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান”



সংসদ ও সমন্বয় শাখা
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

বিষয়: সিটিজেন'স চার্টার বিষয়ে সম্পূর্ণতা ও সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত অবহিতকরণ সভার কার্যবিবরণী
সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোডকরণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গত ১৫-০৩-২০২১ তারিখে অনুষ্ঠিত সিটিজেন'স চার্টার বিষয়ে সম্পূর্ণতা
ও সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত অবহিতকরণ সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোডকরণের নিমিত্তে
এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(নাইমা আফরোজ ইমা)
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৪১০৩০২৪৯

dsparliament@probashi.gov.bd

সিস্টেম এনালিস্ট

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

ইউ,ও নোট নং-৪৯.০০.০০০০.০১৪.৯৯.০১.২১- ৭৬

তারিখ: ১৬-০৩-২০২১।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২। অফিস কপি।

“মুজিববর্ষের আহ্বান
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
সংসদ ও সমন্বয় শাখা

**সিটিজেন'স চার্টার বিষয়ে সম্পূর্ণতা ও সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত অবহিতকরণ সভার
কার্যবিবরণী**


সভাপতি	: মোঃ শহীদুল আলম, এনডিসি অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার তারিখ ও সময়	: ১৫-০৩-২০২১; বেলা ১২.০০ ঘটিকা
সভার স্থান	: মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (৬ষ্ঠ তলা)
উপস্থিতি	: পরিশিষ্ট-ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতি মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়ে সম্পাদনের মানসিকতা নিয়ে কাজ করার আহ্বান জানান। এক্ষেত্রে তিনি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ মোতাবেক কার্যক্রম পরিচালনার গুরুত্ব তুলে ধরেন। অতঃপর মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন কমিটির সদস্য সচিব সংসদ ও সমন্বয় শাখা কর্মকর্তা উল্লিখিত নির্দেশিকা অনুযায়ী মন্ত্রণালয়ের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবা/প্রাতিষ্ঠানিক সেবা/অভ্যন্তরীণ সেবা এবং ২০২০-২১ অর্থবছরের এ সংক্রান্ত কর্মপরিকল্পনা তুলে ধরেন। এ পর্যায়ে অংশগ্রহণকারী সদস্যবৃন্দের সাথে মুক্ত আলোচনা হয়। সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এর আলোকে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১।	সিটিজেন'স চার্টার এর ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত পরিবীক্ষণ ছকে যথাযথভাবে পূরণপূর্বক প্রেরণ করতে হবে।	সকল কর্মকর্তা
২।	এ মন্ত্রণালয়ের নতুন কর্মবন্টন অনুসারে প্রতিটি শাখার বিপরীতে সিটিজেন'স চার্টার এর শাখা সংশ্লিষ্ট সেবার কোনরূপ সংযোজন/বিয়োজন/পরিমার্জন/ হালনাগাদ প্রয়োজন হলে সেটি সম্পন্ন করে সিটিজেন'স চার্টার প্রণয়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে।	সকল কর্মকর্তা

ক্রমিক	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩।	সিটিজেন'স চার্টার প্রণয়ন/হালনাগাদের ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সেবা প্রদান সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এর নির্দেশনা অনুসরণ করতে হবে।	সিটিজেন'স চার্টার প্রণয়ন পরিবীক্ষণ ও হালনাগাদকরণ কমিটি
৪।	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডকৃত সিটিজেন'স চার্টারে উল্লিখিত নাগরিক/ অভ্যন্তরীণ/ প্রাতিষ্ঠানিক সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদান নিশ্চিত করতে হবে।	সকল কর্মকর্তা

পরিশেষে, সভাপতি সকলকে সিটিজেন'স চার্টার বাস্তবায়নের জন্য সকলকে আন্তরিকভাবে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শহীদুল আলম, এনডিসি
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

ও

আহ্বায়ক
সিটিজেন'স চার্টার প্রণয়ন, পরিবীক্ষণ ও
হালনাগাদকরণ কমিটি